(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.২২.৮৫৭ তারিখ: ২৫ এপ্রিল ২০২৪

বিষয়: সুফলভোগী সদস্যদের ৬০ দিন (৩১২ ঘন্টা) মেয়াদী মোবাইল সার্ভিসিং ও বিউটিফিকেশন এবং ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (TTC) ও বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জ এ সুফলভোগী সদস্যদের ৬০ দিন (৩১২ ঘন্টা) মেয়াদী মোবাইল সার্ভিসিং ও বিউটিফিকেশন এবং ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ হয়েছে। উক্ত ৬০ দিন (৩১২ ঘন্টা) ও ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণ আয়োজনের ট্রেড, অংশগ্রহণকারী সুফলভোগী সদস্য ও সম্ভাব্য তারিখ নিম্নরূপ:

| ক্র. নং | টিটিসি/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম | দীর্ঘমেয়াদী ট্রেডের নাম | প্রশিক্ষণের মেয়াদ | ব্যাচ প্রতি প্রশিক্ষণার্থীর সংখ্যা | যে সকল জেলা/উপজেলার সুফলভোগী সদস্যগণ অংশ গ্রহণ করবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঝিনাইদহ টিটিসি | বিউটিফিকেশন | ৬০ দিন | ৩০ জন | প্রকল্পভুক্ত সকল উপজেলা | ১৫ মে ২০২৪ তারিখ হতে শুরু হবে। |
| ২ | পিরোজপুর টিটিসি | মোবাইল সার্ভিসিং | ৬০ দিন | ৩০ জন | প্রকল্পভুক্ত সকল উপজেলা | ১১ মে ২০২৪ তারিখ হতে শুরু হবে। |
| | | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | খুলনা জেলার সকল উপজেলা ১৩ জন, বাগেরহাট জেলার সকল উপজেলা ১৩ জন ও পিরোজপুর জেলার সকল উপজেলা ১৪ জন | উপপরিচালকগণকে TTC সমূহের অধ্যক্ষগণের সাথে যোগাযোগ করে ০২ মে হতে ১০ মে ২০২৪ তারিখের মধ্যে প্রশিক্ষণ আয়োজন/ শুরুর উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৩ | মাগুরা টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | মাগুরা জেলার সকল উপজেলা ৪০ জন | |
| ৪ | মেহেরপুর টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | মেহেরপুর জেলার সকল উপজেলা ২৪ জন ও চুয়াডাঙ্গা জেলার সকল উপজেলা ১৬ জন | |
| ৫ | বরিশাল টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | বরিশাল জেলার সকল উপজেলা ২৪ জন, ঝালকাঠি সদর ৮ জন ও মনপুরা উপজেলা ৮ জন | |
| ৬ | পটুয়াখালী টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | পটুয়াখালী জেলার সকল উপজেলা ৩২ জন ও বামনা উপজেলা ৮ জন | |
| ৭ | রংপুর টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | রংপুর জেলার সকল উপজেলা ৪০ জন | |
| ৮ | সাতক্ষীরা টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | সাতক্ষীরা জেলার সকল উপজেলা ৩২ জন ও শার্শা উপজেলা ৮ জন | |
| ৯ | নড়াইল টিটিসি | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন | নড়াইল জেলার সকল উপজেলা ৩০ জন ও যশোর জেলার সকল উপজেলা ১০ জন | |
| ১০ | বাপার্ড | সেলাই ও এমব্রয়ডারী | ৩০ দিন | ৪০ জন করে ৩ ব্যাচ | প্রকল্পভুক্ত সকল উপজেলা | ২৫ জুন ২০২৪ তারিখ হতে শুরু হবে। |

২। জেলার উপপরিচালকগণ সংশ্লিষ্ট টিটিসির অধ্যক্ষেদের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ শুরুর তারিখ চূড়ান্ত করে প্রকল্প দপ্তরকে অবহিত করবেন। ৬০ দিন (৩১২ ঘন্টা) মেয়াদী মোবাইল সার্ভিসিং ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী সুফলভোগী সদস্যদের তালিকা নিম্নবর্ণিত ছকে আগামী ৩০/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করার অনুরোধ করা হলো। তাছাড়া ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সুফলভোগী সদস্যদের তালিকা বর্ণিত ছকে জেলার উপপরিচালক চূড়ান্ত করবেন এবং যে সকল জেলায় টিটিসি অবস্থিত সে জেলার উপপরিচালকের নিকট অন্য উপজেলা/জেলার তালিকা প্রেরণ করবেন। এ ক্ষেত্রে তালিকার অনুলিপি প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

ছক

| ক্র. নং | সমিতির কোড নং | সদস্যের নাম ও আইডি নং | ট্রেডের নাম | বয়স | শিক্ষাগত যোগ্যতা | মোবাইল নম্বর | বৈবাহিক অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

৩। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

১. বিশেষ সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
২. সদস্যদের বয়স ৪৫ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে। তবে ৬০ দিন মেয়াদী প্রশিক্ষণের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি/সমমান পাশ হতে হবে।
৩. ইত:পূর্বে ইরেসপো-১ম পর্যায় প্রকল্পের আওতায় সে সকল সদস্যদেরকে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।
৪. অংশগ্রহণকারীগণ নির্ধারিত হারে যাতায়াত ও সম্মানী ভাতা এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট বিষয়ক উপকরণ বিনামূল্যে প্রদানযোগ্য হবে।

২৫/০৪/২৪
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

১। উপপরিচালক (সকল)
বিআরডিবি, জেলা: ............... (প্রকল্পভুক্ত)।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)
বিআরডিবি, উপজেলা: ..........., জেলা: .......... (প্রকল্পভুক্ত)।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.২২.৮৫৭ তারিখ: ২৫ এপ্রিল ২০২৪

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১. উপপরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ঢাকা।
২. অধ্যক্ষ, ................... টিটিসি, জেলা: .....................।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ........., জেলা: ................।
৬. পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. অফিস নথি।

০৫/৫/২৪
শরিফুল ইসলাম
সহকারী পরিচালক